



তেলের দাম বৃদ্ধি জনদুর্ভোগ বাড়াবে: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কমলেও দেশে মূল্য বৃদ্ধি সাধারণ মানুষের ওপর বাড়তি চাপ তৈরি করবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি এই সিদ্ধান্তকে কঠোর সমালোচনা করে একে জনজীবনের জন্য অযৌক্তিক বোঝা হিসেবে উল্লেখ করেছেন। শনিবার রাত ১১টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি বলেন, দ্রব্যমূল্যের লাগামহীন উর্ধ্বগতির মধ্যে সাধারণ মানুষ যখন ইতিমধ্যেই নিত্যপ্রয়োজন মেটাতে হিমশিম খাচ্ছে, তখন জ্বালানি তেলের দাম বাড়ানো তাদের সংকট আরও তীব্র করবে। তিনি আরও বলেন, আন্তর্জাতিক বাজারে যখন তেলের দাম নিম্নমুখী, তখন দেশের বাজারে দাম বাড়ানোর সিদ্ধান্ত কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এতে পরিবহন খরচ বাড়ার পাশাপাশি নিত্যপণ্যের দামও বেড়ে যাবে, যার সরাসরি প্রভাব পড়বে সাধারণ মানুষের জীবনে।

LENS ASIA